


dataBank

Doctors Prescription Data Bank Multimedia (103s Health Tips)

Background: Project Director “Doctors Prescription Data Bank Multimedia”

Done by macromedia® **FLASH™ 5** Software

Project approved by Ministry of Science and Technology



ডেঙ্গু রোগীকে কখন প্লেটিলেট কনসেনট্রেড দিতে হবে
ডাঃ তরণ কান্তি ঘোষ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
দৈনিক জনকণ্ঠ তারিখ ১১ ডিসেম্বর ২০০০ ইং



বিশ্বস্বাস্থ্য সংস্থার মতে রোগীর প্লেটিলেট কাউন্ট ১০ হাজারের নিচে নেমে গেলে রোগীর শরীরের প্লেটিলেট কনসেনট্রেড সঞ্চালন করা উচিত। সেই সঙ্গে রোগীর অবস্থা বিবেচনা করে প্রতি ২ ঘন্টা থেকে ৬ ঘন্টা অন্তর রক্তের প্লেটিলেট এবং পিসিভি কিংবা হেমাটোক্রিট ভেল্যু টেস্টিংও করা উচিত। উন্নত বিশ্বে সময়মতো এই পরিক্ষাগুলো করার সুযোগ রয়েছে বলে সেখানে প্লেটিলেট কনসেনট্রেড সঞ্চালনের জন্য প্লেটিলেট কাউন্ট ১০ হাজারে নামা পর্যন্ত অপেক্ষা করা সম্ভব। কিন্তু আমাদের দেশের চিকিৎসা সুবিধা বিবেচনা করে দেখা যায়, এই পরীক্ষা দু'টি ২৪ ঘন্টায় একবারের বেশি করা সম্ভব হয় না। যেহেতু এই পরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে চিকিৎসা নির্ধারিত হয় এবং রোগীর অবস্থা সম্পর্কে জানা যায় তাই একবার পরীক্ষাগুলো করার পর ২৪ ঘন্টার মধ্যে পরবর্তী রিপোর্ট না পাওয়া পর্যন্ত রোগী সম্পর্কে চিকিৎসা একটু বেশি সতর্ক থাকেন। অনেক ক্ষেত্রে নিরাপদ আগাম ব্যবস্থাও নিয়ে থাকেন। যার ফলে দেখা যায় প্লেটিলেট কাউন্ট ৪০-৩০ হাজারে নামলেই চিকিৎসাকরা রোগীকে প্লেটিলেট কনসেনট্রেড দেয়ার উপশে দেন।